



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

## বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির প্রথমত্রৈমাসিকসভার কার্যবিবরণী ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে প্রথম ত্রৈমাসিক কমিটির সভা ২৭.০৯.২০২২ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সকল সদস্যের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন জনাব কাজী কামরুজ্জামান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি ব্যাংক, ভোলা মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত প্রথম ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক) ব্যয় সংকোচন নীতিমালার আওতায় বিদ্যুৎ খরচ ত্রাসকল্পে নতুন প্রবর্তিত অফিস সময়সূচীর মধ্যে দৈনন্দিন কাজ সম্পাদন এবং বিদ্যুৎ খরচসহ অন্যান্য ব্যয় সংকোচন নীতিমালা বাস্তবায়নের জন্যে নির্দেশনা প্রদান করা হয় ।

খ) COVID-19 সংক্রমণ প্রতিরোধকল্পে সরকারি স্বাস্থ্য বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রধান কার্যালয় ও অত্র কার্যালয় কর্তৃক পত্র নং-৪৮ তারিখ ১৬.০৭.২০২০ ইং এর মাধ্যমে সকল নির্দেশনা অঞ্চলবিনীত সকল শাখা/কার্যালয়ে সঠিকভাবে বাস্তবায়ন/পরিপালন করতে হবে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদান করা প্যাকেজের আওতায় স্বচ্ছতা ও দ্রুততার সাথে ঋণ কার্যক্রম পরিচালনার জন্যে শাখাসমূহকে নির্দেশনা প্রদান ।

গ) ব্যাংক ব্যবসা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনাসহ সম্মানিত গ্রাহকগণের উত্তম সেবা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক প্রদত্ত নাগরিক সেবা (Citizen Charter) ও সকল প্রকার সেবার মূল্য তালিকা শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে ।

ঘ) কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক Hotline(16236), মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মোবাইল নম্বর এবং অভিযোগ বক্স শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে । শাখা/কার্যালয় পরিষ্কার পরিচ্ছন্নতা ও শাখার নিরাপত্তার বিষয়ে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরন ।

ঙ) গ্রাহক হয়রানি ও দুর্নীতি নিরসনের জন্যে ঋণ নথি প্রক্রিয়াকরণের কাজ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং কার্যালয় ও শাখার সকল কর্মকর্তা/ কর্মচারীদের ব্যাংকের নীতিমালা, কর্মপদ্ধতি বিষয়ে সার্বিক ধারণা প্রদান এর “ Transfer of Knowledge” নীতিমালা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয় ।

জনাব নাঈম নাহার  
সদস্য সচিব, আঞ্চলিক নৈতিকতা কমিটি

ও  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

জনাব মোঃ মোহাম্মদ হাফিজ  
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি,

ও  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

জনাব মীর মোঃ রফিউদ্দিন  
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি

ও  
সহকারী মহাব্যবস্থাপক

জনাব কাজী কামরুজ্জামান  
সভাপতি, আঞ্চলিক নৈতিকতা কমিটি

ও  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

### সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, বরিশাল ।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।
- ০৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ভোলা ।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ভোলা মুখ্য অঞ্চল, ভোলা ।
- ০৫। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।
- ০৬। অফিস নথি ।



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির প্রথম সভা

তারিখ : ২৭.০৯.২০২২খ্রি.

বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির উপস্থিত  
কর্মকর্তাগণের স্বাক্ষরসহ তালিকা

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব কাজী কামরুজ্জামান	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক	
০২	জনাব মীর মোঃ রফিউদ্দিন	সহকারী মহাব্যবস্থাপক	
০৩	জনাব মোঃ শাহজাহান	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	
০৪	জনাব নাজনীন নাহার	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	
০৫	জনাব তানজিয়া বিনতে ইসলাম	কর্মকর্তা	
০৬	জনাব খালেদ আল মাসুদ	কর্মকর্তা	
০৭	জনাব জসিমউদ্দিন	কর্মকর্তা	



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা :

নাম	পদবী	মোবাইল নং	ফোন নম্বর
নাজনীন নাহার	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মুআকা, ভোলা	০৬১৭১১-৩১৩৬৬	০২৪৭-৮৮৯৪৪৩৭